127

তারিখ ... ১৭.৯.৯১ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা

# আজ শিক্ষা দিবস

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

আজ ১৭ই সেপ্টেম্বর শিক্ষা দিবস। ১৯৬২ সালের এই দিনে ছাত্র সমাজ তৎকালীন গণবিরোধী শরীফ শিক্ষা কমিশন রিপোর্টের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেছিল। মোস্তফা, বাবুল, ওয়াজিউল্লাহসহ শহীদ হয়েছিলেন অনেক ছাত্র।

বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক বিবৃতিতে শিক্ষা দিবসের চেতনাকে ধারণা করে বাংলাদেশ একটি গণমুখী শিক্ষা ব্যবস্থা কায়েমের লক্ষ্যে সংগ্রাম চালিয়ে যাওয়ার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানিয়েছে। বিবৃতিদাতা সংগঠনের মধ্যে রয়েছে ছাত্রলীগ (না–শ), সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, বাংলাদেশ ছাত্র মৈত্রী, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, বিপ্লবী ছাত্র আন্দোলন এবং ছাত্রলীগ (সা–সা)। এসব ছাত্র সংগঠন আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও সমাবেশের মাধ্যমে দিবসটি পালন করবে।